



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬-৩০৪৮

তারিখ: ০৪/০৮/২০১৯ খ্রি:

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদে নিয়োগ প্রদান।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.(অংশ-১).১৪৬, তারিখ: ৩০/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১২/০৬/২০১৮ খ্রি. তারিখে জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ২৪(ঘ) ধারায় উল্লেখ রয়েছে যে “ এ নীতিমালার আওতায় বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের বিষয়ে সরকার পৃথক আদেশ জারি করবে। ” এ প্রেক্ষিতে এম.পি.ও. ডুক্ত বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজ-এ প্যাটার্নডুক্ত বৃদ্ধিপ্রাপ্ত পদগুলোতে নিয়োগের বিষয়ে মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র জারি করে।

বৃদ্ধিপ্রাপ্ত পদগুলোতে (জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা মোতাবেক) নিয়োগের বিষয়ে নির্দেশনা:

ক্র. নং	পদের নাম	যে পর্যায়ে নিয়োগ করতে হবে	বেতন কোড/ গ্রেড	যে অর্থ বছর হতে নিয়োগ প্রদান করতে হবে	নির্দেশনা
১	২	৩	৪	৫	৬
০১.	সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	নিম্ন মাধ্যমিক	১০	২০১৮-১৯	-
০২.	সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)	নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক	১০	২০১৯-২০	বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য
০৩.	সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)	মাধ্যমিক	১০		বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য
০৪.	সহকারী শিক্ষক (ইংরেজী)	নিম্ন মাধ্যমিক	১০		বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য
০৫.	কম্পিউটার ল্যাব সহকারী	নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক	১৬	২০২০-২১	সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে।
০৬.	সহকারী শিক্ষক (বাংলা)	নিম্ন মাধ্যমিক	১০		বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য
০৭.	নৈশ প্রহরী	নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক	২০	২০২১-২২	-
০৮.	পরিচ্ছন্নতা কর্মী	নিম্ন মাধ্যমিক	২০		-
০৯.	সহকারী শিক্ষক (চারু ও কারুকলা)	নিম্ন মাধ্যমিক এবং মাধ্যমিক	১০	২০২২-২৩	বি.এড ধারীদের ১০ কোড ও বি.এড বিহীনদের ১১ কোড প্রযোজ্য

এমতাবস্থায়, বেসরকারি এম.পি.ও. ডুক্ত স্কুল/স্কুল এন্ড কলেজ-এ উল্লিখিত সহকারী শিক্ষক, কম্পিউটার ল্যাব সহকারী, নৈশ প্রহরী এবং পরিচ্ছন্নতা কর্মী পদে নিয়োগ ও এমপিওডুক্তির বিষয়ে বর্ণিত শর্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১) নির্ধারিত আর্থিক বছরের পূর্বে কোন পদের নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে না।
- ২) স্কুল/স্কুল এন্ড কলেজ-এ সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু আছে কিনা তা সংশ্লিষ্ট বিষয় বিশেষজ্ঞ কর্তৃক প্রত্যয়ন পত্রের দ্বারা নিশ্চিত হয়ে ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষা গ্রহণ করবেন।
- ৩) বর্ণিত নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৪) এ আদেশ শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্র জারির তারিখ হতে কার্যকর হবে।

(মো: এনাশুল হক হাওলাদার)  
উপপরিচালক (কলেজ-২)

ও  
উপপরিচালক (মাধ্যমিক)

(অতিরিক্ত দায়িত্ব)  
ফোন নং-৯৫৬০২৬৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বেসরকারি এম.পি.ও. ডুক্ত স্কুল/স্কুল এন্ড কলেজ (সকল)।

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রমনা, ঢাকা
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)
০৪. সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৬. জেলা শিক্ষা অফিসার, (সকল) (বর্ণিত নির্দেশনা ও শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করে নিয়োগ কার্যক্রম নিশ্চিতকরণের অনুরোধসহ)
০৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল) (বর্ণিত নির্দেশনা ও শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করে নিয়োগ কার্যক্রম নিশ্চিতকরণের অনুরোধসহ)
০৮. সভাপতি, ম্যানেজিং কমিটি, (সকল স্কুল/স্কুল এন্ড কলেজ)
০৯. জনাব .....
১০. পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
১১. সংরক্ষণ নথি